


# জঙ্গিবাদ ও সন্ত্রাস নির্মূলে এগিয়ে আসুন

ধর্মের নামে নির্বিচারে মানুষ হত্যা, সন্ত্রাসী কার্যক্রম চালানো, দেশের আইনশৃঙ্খলাকে চ্যালেঞ্জ জানানো ও রাষ্ট্রীয় সম্পদ বিনষ্ট করে ওরা জঙ্গিবাদের নামে দেশের শান্তি ও উন্নতির বিষ্ণু ঘটাতে চায়। জঙ্গিবাদ পরিবার, সমাজ ও রাষ্ট্রের জন্য এক ভয়াবহ ব্যাধি।



তারা ইসলামের কথা বলে মানুষ হত্যা করে অথচ পবিত্র কোরানে আছে, ‘যে ব্যক্তি নরহত্যা অথবা পৃথিবীতে ধ্বংসাত্মক কাজ করার কারণ ব্যতীত কাউকে হত্যা কুরল সে যেন গোটা মানবজাতিকে হত্যা করল’।  
(সূরা আল মায়িদা : ৩২ নং আয়াত)।

প্রিয় নবি হযরত মোহাম্মদ (সা.) বলেছেন, ‘যারা সন্ত্রাস করে, ফিতনা-ফ্যাসাদ করে আল্লাহ তাদেরকে কোনো সময়ই পছন্দ করেন না। প্রকৃত মুসলমান সেই ব্যক্তি যার হাত ও জিহ্বা থেকে অন্য মানুষ নিরাপদে থাকবে’।

যতবার যিশু তার শিষ্যদের কাছে দেখা দিয়েছেন ততবার তিনি বলেছেন-‘তোমাদের শান্তি হোক’। স্বামী বিবেকানন্দ বলেছেন-‘জীবে প্রেম করে যেইজন সেইজন সেবিছে ঈশ্বর’।

যেসব কোমলমতি যুবক-কিশোর বিপথে পরিচালিত হচ্ছেন, যারা তাদের মদদ দিচ্ছেন তাদের কাছে জনগণের প্রশং- মানুষ হত্যা করে তারা কী অর্জন করতে চান ? ইসলাম শান্তির ধর্ম, ইসলামের নামে মানুষ হত্যা বন্ধ করতে হবে।

অভিভাবকদের প্রতি আহ্বান, আপনার সন্তানকে সুশিক্ষা দিন, তারা যাতে বিপথে না যায় সেদিকে নজর রাখুন।  
বিপথগামীদের আপনারা সঠিক পথে ফিরিয়ে আনুন।  
ইসলামের মর্যাদা সমুন্নত রাখুন।

## জঙ্গিবাদ নিপাত যাক মানবতা মুক্তি পাক

প্রচারে : তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার